দৈনিক
জনকণ্ঠ

তারিখ ২৭ SEP 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৬

# জাবির ভর্তি পরীক্ষা শুরু ৮ অক্টোবর

**জাবি সংবাদদাতা ।** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামী ৮ অক্টোবর থেকে শুরু হতে যাচ্ছে। এ বছর কোটা ব্যতীত মেধা তালিকায় ১৯৭৫ শিক্ষার্থী ভর্তি হতে পারবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সচিব ও ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) মোঃ আবু হাসান। ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির ভারপ্রাপ্ত পরিচালক কেএম আক্কাস আলী জানিয়েছেন, পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছে তিন লাখ ১৭ হাজার ৫৪০ শিক্ষার্থী। এ বছর ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে লড়বে ১৬০ পরীক্ষার্থী, যা গত বছরের তুলনায় ৪৫ জন বেশি। এদিকে ইউনিট ভিত্তিক পরীক্ষার তারিখ প্রকাশ করেছে ভর্তি পরীক্ষা কমিটি। ৮ অক্টোবর রবিবার গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ 'এ ইউনিট' এর মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হবে। দ্বিতীয় দিন ৯ অক্টোবর 'এ ইউনিট' ও 'আই ইউনিটের' বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর ১০ ও ১১ অক্টোবর 'ডি ইউনিটের' জীববিজ্ঞান অনুষদের পরীক্ষা, ১২ অক্টোবর যথাক্রমে 'সি ইউনিট' ও 'সি১ ইউনিট' কলা ও মানবিকী অনুষদ এবং নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৫ অক্টোবর 'বি ইউনিট' সমাজ বিজ্ঞান অনুষদ ও 'জি ইউনিট' ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন আইবিএ-জেইউর পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৬ অক্টোবর 'ই ইউনিটের' বিজনেস স্টাডিজ অনুষদ এবং 'এইচ ইউনিট' ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি পরীক্ষা হবে। সর্বশেষ ১৭ অক্টোবর 'এফ ইউনিট' আইন অনুষদের পরীক্ষার মাধ্যমে ভর্তি পরীক্ষা শেষ হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ. ...
চীফ. ডি. ...
সিস্টেম ...
সিনিয়র সি...
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
পরিচালক